# 128445 - যদি ওযু অবস্থায় চামড়ার মোজা বা কাপড়ের মোজা পরিধান করা না হয় তাহলে সেগুলোর ওপর মাসেহ করা জায়েয নয়

প্রশ্ন

নীচের মাসয়ালাটির হুকুম কি: এক লোক ওযু করল। এরপর এক জোড়া কাপড়ের মোজা পরল। অতঃপর তার ওযু ছুটে গেল। ওযু ছুটে যাওয়ার পর কয়েক সেকেন্ডের জন্য মোজা খুলে পায়ে কিছু ক্রীম লাগাল। এরপর নতুনভাবে মোজাগুলো পরে নিল। এখন সে যদি নতুন করে ওযু করে সেক্ষেত্রে কি তার উপর পা দুটো ধৌত করা আবশ্যক হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যে ব্যক্তি ওযু অবস্থায় মোজা পরিধান করেনি তার জন্য মোজার ওপর মাসেহ করা সঠিক নয়। এর সপক্ষে সহিহ সুন্নাহর দলিল রয়েছে।

ইমাম বুখারী (২০৬) ও ইমাম মুসলিম (২৪৭) মুগিরা বিন শুবা (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন: আমি এক সফরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সঙ্গি ছিলাম। আমি তাঁর মোজা-জোড়া খোলার জন্য নীচু হলাম। তখন তিনি বললেন: "মোজা-জোড়া খোলার দরকার নেই। যেহেতু আমি পা-দুটো পবিত্র থাকা অবস্থায় মোজার ভেতরে প্রবেশ করিয়েছি। তখন তিনি মোজাদ্বয়ের ওপর মাসেহ করলেন।"

আবু দাউদ (১৫১) এর ভাষা হচ্ছে—"মোজা-জোড়া খোলার দরকার নেই। যেহেতু আমি পা দুটো পবিত্র থাকা অবস্থায় সেগুলো মোজাদ্বয়ের ভেতরে প্রবেশ করিয়েছি।"

ইমাম নববী বলেন:

"এ হাদিসে দলিল রয়েছে যে, যদি পরিপূর্ণ পবিত্র অবস্থায় মোজা-জোড়া পরিধান করা না হয় তাহলে মোজা-জোড়ার ওপর মাসেহ করা জায়েয হবে না।"[সমাপ্ত]

ইবনে কুদামা 'আল-মুগনি' গ্রন্থে (১/১৭৪) বলেন:

মাসেহ করা বৈধ হওয়ার জন্য পবিত্রতা পূর্বশর্ত— এ ব্যাপারে কোন মতভেদ আছে বলে আমাদের জানা নেই।[সমাপ্ত]

ইমাম মালেক (রহঃ) বলেন:

চামড়ার মোজার ওপর ঐ ব্যক্তি মাসেহ করবেন যিনি ওযু করে পবিত্র হয়ে মোজাদ্বয় পরেছেন। আর যে ব্যক্তি ওযু করে পবিত্র হওয়া ছাড়া মোজাদ্বয় পরেছেন তিনি মোজা-জোড়ার ওপর মাসেহ করবেন না।[সমাপ্ত][আল-মুয়াত্তা (১/৩৭)]

'আল-মুন্তাকা শারহুল মুয়াত্তা' গ্রন্থে (১/৭৮) বলেছেন:

এর বিধান যেমনটি তিনি বলেছেন: যদি কেউ ওযু করার পর মোজাদ্বয় পরে; এরপর তার ওযু ছুটে যায়; এরপর সে মোজা-জোড়া খুলে ফেলে; এরপর আবার মোজাদ্বয় পরে—তাহলে সে যে পবিত্র অবস্থায় মোজাদ্বয় পরেছিল সে বিধান নষ্ট হয়ে গেল এবং এখন সে অপবিত্র অবস্থায় মোজাদ্বয় পরল। পা-দুটো পবিত্র থাকা অবস্থায় মোজার ভেতরে প্রবেশ করানো চামড়ার মোজার ওপর মাসেহ করার জন্য শর্ত।[সমাপ্ত]

অতএব, যে ব্যক্তি কাপড়ের মোজা খুলে ফেলে পুনরায় অপবিত্র অবস্থায় সেগুলো পরেছে—তার জন্য মোজার ওপর মাসেহ করা বৈধ হবে না। বরং ওযু করার সময় অবশ্যই তাকে পা-দ্বয় ধৌত করতে হবে। সামান্য কয়েক সেকেন্ডের জন্য খোলার কারণে বিধানে কোন পরিবর্তন হবে না। কারণ সে ব্যক্তি 'ওযুর পবিত্রতা ছাড়া মোজা পরেছে' তার ব্যাপারে এ কথা সত্য। অতএব, মোজাদ্বয়ের ওপর মাসেহ করা জায়েয হবে না।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।

আরও জানতে দেখুন: 9640 নং প্রশ্নোত্তর।